দৈনিক সংবাদ

তারিখ 17 APR 1998
পৃষ্ঠা ১২ কলাম ৪

# বিজ্ঞান মানুষের জীবন ও সংস্কৃতির অঙ্গঃ রাষ্ট্রপতি

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ বিজ্ঞান একাডেমির স্বর্ণপদক বিতরণী অনুষ্ঠানে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ দেশ গড়ার কাজে বিজ্ঞান ও প্রযুক্তিকে একটি শক্তিশালী হাতিয়ার হিসেবে ব্যবহার করার জন্য দেশের বিজ্ঞানীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

গতকাল বৃহস্পতিবার বিকেলে ওসমানী মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ডঃ মহিউদ্দিন খান আলমগীর এবং নোবেল লরেট ডঃ নরমান ই বরলগ। এছাড়াও বক্তৃতা করেন বাংলাদেশ বিজ্ঞান একাডেমির সভাপতি প্রফেসর কামালউদ্দিন আহমেদ ও ডঃ জেড করিম। স্বর্ণপদকপ্রাপ্তদের নাম ঘোষণা করেন প্রফেসর শমশের আলী।

বিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য বিজ্ঞান একাডেমি স্বর্ণপদক পেয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রফেসর শরীফ এনামুল কবির, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ডঃ এএসএম আবুল হাসিব, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডঃ গোলাম মোহাম্মদ ভুঁইয়া এবং সুলতান আহমেদ স্বর্ণপদক পেয়েছেন ঢাকা মেডিক্যাল কলেজের ডাঃ সৈয়দ আতিকুল হক। অনুষ্ঠানে আবুল হাসিব ও আতিকুল হক নিজে এবং অন্য দু' জনের বাবা ও স্ত্রী পদক গ্রহণ করেন।

রাষ্ট্রপতি পরে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের মধ্যে একাডেমির বৃত্তির অর্থ বিতরণ করেন।

রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ তার বক্তৃতার আগে বলেন, বিংশ শতাব্দীতে বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার মানুষের অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা ও যোগাযোগ ব্যবস্থায় অভূতপূর্ব উন্নতি সাধন করেছে। বিজ্ঞান আজ মানুষের জীবন ও সংস্কৃতির এক অবিচ্ছেদ্য অঙ্গ। সারা বিশ্বে বিজ্ঞান আজ একটি way of life বা জীবন পদ্ধতি হিসেবে স্বীকৃতি পেয়েছে। কিন্তু এই পদ্ধতি আজও পুরোপুরিভাবে আমাদের সমাজ জীবনে প্রবেশ করতে পারেনি। আমরা যদি আমাদের আশপাশের দেশগুলোর দিকে তাকাই তা হলে দেখতে পাই যে, আমাদের কাছাকাছি বা এমনকি পরবর্তী সময়ে ঔপনিবেশিকতার নাগপাশ থেকে মুক্তি পেয়ে তারা তাদের দীনতার চিত্র পাল্টে ফেলতে পেরেছে। উদীয়মান রাষ্ট্র হিসেবেও অনেক দেশ চিহ্নিত হয়েছে এবং হচ্ছে। এসব সম্ভব হয়েছে বিজ্ঞান ও প্রযুক্তিকে উন্নয়নের হাতিয়ার হিসেবে গ্রহণ করার ফলে।

তিনি বলেন, আমাদের দেশে এ যাবৎ বিজ্ঞান ও প্রযুক্তিকে দেশ গড়ার কাজে ব্যবহারের জন্য কোন বলিষ্ঠ রাজনৈতিক অঙ্গীকার কেউই প্রদর্শন করতে পারেনি। আমাদের সম্পদের অনুসন্ধান, ব্যবহার ও উন্নয়নে আমরা বিজ্ঞান ও প্রযুক্তিকে যথাযথভাবে কাজে লাগাতে পারিনি। আমরা যদি আজ থেকে বিজ্ঞান ও প্রযুক্তিকে দেশ গড়ার কাজে ব্যবহার করতে প্রতিশ্রুতিবদ্ধ হই এবং সঠিক পথে এগিয়ে যেতে পারি, তাহলে নিশ্চয়ই আমরা উন্নতি সাধন করতে পারবো।

বাংলাদেশ বিজ্ঞান একাডেমি দেশের তরুণ ও প্রবীণ বিজ্ঞানীর বিজ্ঞান গবেষণার স্বীকৃতি প্রদানের জন্য যে স্বর্ণপদক প্রদানের ঐতিহ্য গড়ে তুলেছে তার প্রশংসা করে রাষ্ট্রপতি বলেন, বলা হয়ে থাকে যে, বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণার জন্য অর্থ বরাদ্দের প্রয়োজন, যন্ত্রপাতির প্রয়োজন, পরিবেশের প্রয়োজন; কিন্তু গবেষণার জন্য সর্বাগ্রে প্রয়োজন 'ভাল বিজ্ঞানীর'। বিজ্ঞানীদের উৎসাহ দিতে না পারলে দেশে বিজ্ঞানের ভিত্তি তৈরি হবে কি করে?